RECOVERY-RS
RESPIRATORY SUPPORT

WARWICK CLINICAL TRIALS UNIT | NHS University Hospitals Birmingham NHS Foundation Trust | QUEEN'S UNIVERSITY BELFAST | intensive care society | NIHR National Institute for Health Research

হাসপাতালের নাম:

কেন্দ্রের নম্বর:

গবেষণার নম্বর:

অংশগ্রহণকারীর তথ্য সম্বলিত শীট

প্রকল্পের শিরোনাম: রিকভারি-RS রেস্পিরেটরি সাপোর্ট: কোভিড-19 এ শ্বাসযন্ত্রের কৌশলসমূহ; CPAP, হাই-ফ্লো এবং স্ট্যান্ডার্ড সেবা

আপনাকে এই লিফলেটটি পড়তে ও বিবেচনা করতে দেওয়া হয়েছে কারণ আপনি কোভিড-19 এ আক্রান্ত হয়ে বা সন্দেহভাজন কোভিড-19 রোগী হিসেবে হাসপাতালে ভর্তি হয়েছে এবং আপনার অক্সিজেনের মাত্রা যথেষ্ট রাখার জন্য সাহায্যের প্রয়োজন হয়েছিল।

সেই সময়, আমরা আপনাকে একটি পরীক্ষায় তালিকাভুক্ত করেছি যা ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস এবং নর্দার্ন আয়ারল্যান্ড জুড়ে চলছে। কম অক্সিজেন মাত্রার কোভিড-19 আক্রান্ত লোকের চিকিৎসার জন্য আমরা তিনটি ভিন্ন মাধ্যম (CPAP, HFNO বা সাধারণ সেবা) পরীক্ষা করছি। অক্সিজেনের মাত্রা পর্যাপ্ত রাখতে এবং রোগীকে শ্বাস-প্রশ্বাসে বাড়তি সাহায্যের প্রয়োজন থেকে বিরত রাখতে কোন চিকিৎসাটি সবচেয়ে ভালো তা আমরা বের করতে চাই। তিনটি চিকিৎসাই NHS-এর মধ্যে সাধারণভাবে ব্যবহৃত হচ্ছে।

A) কন্টিনিউয়াস পজিটিভ এয়ারওয়ে প্রেশার (CPAP): এই চিকিৎসায় শক্তভাবে লাগানো একটি ফেস মাস্কের মাধ্যমে ধারাবাহিকভাবে হালকা থেকে উচ্চ বায়ুচাপ প্রয়োগ করা হয়। এটি এমন ব্যক্তিদের মধ্যে শ্বাসনালীগুলি ধারাবাহিকভাবে উন্মুক্ত রাখে যারা নিজেরাই স্বাভাবিকভাবে শ্বাস নিতে সক্ষম তবে শ্বাসনালীটি পরিষ্কার রাখতে যাদের সহায়তা প্রয়োজন।

B) হাই ফ্লো নাজাল অক্সিজেন (HFNO): এটি নাকের মধ্যে টিউবের মাধ্যমে আর্দ্রতাযুক্ত (আর্দ্র) এবং উষ্ণ অক্সিজেন দেওয়ার একটি উপায়। যে সকল রোগীর অক্সিজেনের মাত্রা কম এবং যাদের নিজ থেকে শ্বাস নিতে অসুবিধা হয় তাদেরকে সাহায্য করতে খুব দ্রুত অক্সিজেন সরবরাহ করা হয়।

C) স্ট্যান্ডার্ড সেবা: স্ট্যান্ডার্ড সেবায় নাকের একটি সাধারণ মাস্ক বা টিউবের মাধ্যমে অক্সিজেন সরবরাহ করা হবে।

আপনার জরুরি অবস্থার কারণে এই গবেষণায় আপনার সম্পৃক্ততা নিয়ে তখন আপনার সাথে আলোচনা করার সময় ছিল না। আপনাকে নিয়মিত অক্সিজেন থেরাপিযুক্ত স্ট্যান্ডার্ড সেবা, কন্টিনিউয়াস পজিটিভ এয়ারওয়ে প্রেশার (CPAP) অথবা হাই ফ্লো নাজাল অক্সিজেন (HFNO)-এর চিকিৎসা গ্রহণের জন্য এলোমেলোভাবে নির্বাচিত করা হয়েছে। এখন আমরা আপনার কিছু ব্যক্তিগত তথ্য সংগ্রহ, রেকর্ড এবং সংরক্ষণ করার জন্য আপনার সম্মতি চাচ্ছি যা আমাদেরকে রোগীরা

কীভাবে গবেষণায় সাড়া দেয় এবং প্রতিটি চিকিৎসা তাদের জন্য কতটা ভালো কাজ করে তা বিশ্লেষণ করতে সহায়তা করবে।

হাসপাতালের একজন সদস্য আপনার সাথে এই তথ্য নিয়ে আলোচনা করবেন। আমরা আরেকটি বিস্তারিত তথ্য সম্বলিত লিফলেট প্রস্তুত করেছি যা আপনি হয় অনলাইন (https://warwick.ac.uk/fac/sci/med/research/ctu/trials/critical/recovery-rs/patients/) এ পড়তে পারেন অথবা বাসায় নিয়ে যাওয়ার জন্য আপনি কোনো কর্মীকে একটি কপির জন্য বলতে পারেন। এতে চিকিৎসার বিবরণ রয়েছে এবং আমরা কীভাবে আপনার তথ্য ব্যবহার করবো সে সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে। প্রশ্ন করার জন্য আপনাকে স্বাগতম।

আমাকে কি অংশগ্রহণ করতে হবে?

আপনাকে অংশ নিতে সম্মত হতে হবে না। আপনি যদি গবেষণায় আর অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন তবে এটি কোনোভাবেই আপনার চিকিৎসা বা সেবা প্রাপ্তিকে প্রভাবিত করবে না। আপনি যদি আজ অংশগ্রহণ করতে চান, যেকোনো সময় কোনো কারণ না দেখিয়ে অথবা আপনার অধিকারকে প্রভাবিত না করে আপনি আপনার ইচ্ছা পরিবর্তন (প্রত্যাহার) করে নিতে পারেন।

এখন বা পরে যদি আপনি অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন সেক্ষেত্র আমরা আপনার সম্পর্কে আর কোনো তথ্য সংগ্রহ করবো না। আপনি গবেষণা থেকে নিজেকে প্রত্যাহার করার আগে ইতোমধ্যে সংগৃহীত তথ্যগুলি আমরা রাখব। এর কারণ হলো গবেষণাটিকে নির্ভরযোগ্য করার জন্য আমাদেরকে নির্দিষ্ট উপায়ে আপনার রেকর্ডগুলি পরিচালনা করতে হবে। এছাড়াও এর অর্থ এই যে আমরা আপনার সম্পর্কে আমাদের কাছে থাকা তথ্য আপনাকে দেখতে বা পরিবর্তন করতে দিতে পারব না। আপনি যদি এই গবেষণায় অংশ নিতে সম্মত হন তাহলে আমরা যে তথ্য সংগ্রহ করবো তা ভবিষ্যতের প্রকল্পগুলির জন্য অন্যান্য গবেষণা দলের সাথে ভাগাভাগি করা হতে পারে।

এরপর কী হবে?

গবেষক দলের একজন সদস্য আপনার সাথে গবেষণাটি নিয়ে আরও আলোচনা করবেন। আপনার কোনো প্রশ্ন থাকলে তিনি সেগুলির উত্তর দেবেন। সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনার কোনো তাড়াহুড়া নেই। একবার সিদ্ধান্ত নিয়ে নিলে, গবেষককে কেবলমাত্র সেটি জানাতে হবে।

অংশ নেওয়ার সম্ভাব্য সুবিধা এবং ঝুঁকিগুলি কী কী?

এই সময়ে, আপনি ইতোমধ্যে আপনার গবেষণার চিকিৎসা পাওয়া শুরু করেছেন এবং এটি ইতোমধ্যে শেষও হয়ে যেতে পারে। যদি আপনি চিকিৎসা শেষ করে থাকেন তবে আপনার এই গবেষণায় অংশ নেওয়া সম্পর্কিত কোনো উল্লেখযোগ্য ব্যক্তিগত প্রত্যক্ষ সুবিধা বা ঝুঁকি নেই। তবে, আপনার কাছ থেকে আমরা যে তথ্য সংগ্রহ করি তা ভবিষ্যতে অন্যান্য রোগীদের চিকিৎসার সর্বোত্তম উপায় কী সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে সহায়তা করবে।

গবেষণাটি কে পরিচালনা করছে?

ওয়ারউইক ইউনিভার্সিটির অধ্যাপক গ্যাভিন পারকিন্স এবং কুইনস ইউনিভার্সিটি বেলফাস্টের অধ্যাপক ড্যানি ম্যাকউলির নেতৃত্বে একদল ক্লিনিশিয়ান এবং বিজ্ঞানী এই গবেষণাটি পরিচালনা করেছেন।

RECOVERY-RS
RESPIRATORY SUPPORT

এই গবেষণাটি কে পর্যালোচনা করেছে?

এই গবেষণাটি একটি স্বাধীন NHS রিসার্চ এথিক্স কমিটি লন্ডন - ব্রাইটন ও সাসেক্স রিসার্চ এথিকস কমিটি এবং হেলথ রিসার্চ অথরিটি দ্বারা পর্যালোচিত হয়েছে এবং অনুকূল একটি মতামত পেয়েছে।

আপনার সম্পর্কিত তথ্য আমরা কীভাবে ব্যবহার করবো? আমার এই গবেষণায় অংশ নেওয়া কি গোপন রাখা হবে?

ওয়ারউইক ইউনিভার্সিটি এই গবেষণার জন্য তথ্য নিয়ন্ত্রক হিসেবে কাজ করবে এবং আপনার তথ্য নিয়ন্ত্রণ এবং এটি সঠিকভাবে ব্যবহার করার জন্য দায়বদ্ধ থাকবে। এই গবেষণার জন্য আমরা আপনার মেডিকেল রেকর্ড, GP রেকর্ড, অন্যান্য NHS ডেটা উৎস এবং ইনটেনসিভ কেয়ার ন্যাশনাল অডিট অ্যান্ড রিসার্চ সেন্টার থেকে তথ্য ব্যবহার করবো। জাতি ও জাতিগত ডেটা সংগ্রহ করা হবে। ওয়ারউইক ইউনিভার্সিটির নির্দেশাবলী মেনে হাসপাতালের কর্মীরা এবং ওয়ারউইক ইউনিভার্সিটির কর্মীরা এই গবেষণার জন্য আপনার মেডিকেল রেকর্ড থেকে তথ্য সংগ্রহ করবেন। আমরা শুধু সেই তথ্যই ব্যবহার করবো যা সত্যিই এই গবেষণার জন্য ব্যবহার করা প্রয়োজন।

গবেষণার বিষয়ে আপনার সাথে যোগাযোগ করতে, আপনার সেবার জন্য গবেষণার বিষয়ে প্রাসঙ্গিক তথ্য রেকর্ড করা হয়েছে কি না তা নিশ্চিত করতে এবং গবেষণার মান পর্যবেক্ষণ করতে আমরা কিছু

শনাক্তযোগ্য তথ্য (যেমন- নাম, জন্ম তারিখ)ব্যবহার করবো। NHS হাসপাতালের কর্মীরা সুরক্ষিত পদ্ধতিতে ওয়ারউইক ইউনিভার্সিটিতে এই বিবরণগুলি পাঠাবেন। গবেষণার ডেটা সুরক্ষিতভাবে রাখা হবে এবং শুধুমাত্র অনুমোদিত কর্মীদের দ্বারা ব্যবহারযোগ্য হবে। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ভূমিকা পালনকারী ব্যক্তিরা (যেমন- ডেটা সংগ্রহ অডিট করা, আপনার ডেটাটিকে অন্যান্য NHS ডেটার সাথে সংযুক্ত করা) আপনার শনাক্তযোগ্য তথ্য ব্যবহার করতে পারবে।

ওয়ারউইক ইউনিভার্সিটি এবং গবেষণায় অংশ নেওয়া হাসপাতালগুলি গবেষণা শেষ হওয়ার পরে কমপক্ষে 10 বছরের জন্য আপনার সম্পর্কে তথ্য সংরক্ষণ করবে।

আপনার তথ্য ব্যবহার, পরিবর্তন বা সরানোর ক্ষেত্রে আপনার অধিকার সীমিত, কারণ গবেষণাকে নির্ভরযোগ্য ও নির্ভুল করার জন্য আমাদেরকে নির্দিষ্ট উপায়ে আপনার তথ্য পরিচালনা করতে হবে। আপনার অধিকার রক্ষার জন্য আমরা যথাসম্ভব সর্বনিম্ন ব্যক্তিগতভাবে-শনাক্তযোগ্য তথ্য ব্যবহার করবো।

ওয়ারউইক ইউনিভার্সিটি এবং নিয়ন্ত্রক সংস্থাগুলির ব্যক্তিরা গবেষণার যথার্থতা পরীক্ষা করতে আপনার মেডিকেল এবং গবেষণার রেকর্ডগুলি দেখতে পারেন।

তথ্য বিশ্লেষণকারী লোকেরা আপনাকে শনাক্ত করতে পারবেন না এবং আপনার নাম, NHS নম্বর বা যোগাযোগের বিস্তারিত জানতে পারবেন না।

এই গবেষণা প্রকল্পের শুরুতে আপনার সম্মতি সাপেক্ষে ভবিষ্যতের গবেষণার জন্যও তথ্যগুলি ব্যবহার করা হতে পারে। আপনি যদি এই গবেষণায় অংশ নিতে সম্মত হন তবে আপনার কাছে এই গবেষণা থেকে সংরক্ষিত ডেটা ব্যবহার করে ভবিষ্যতে গবেষণায় অংশ নেওয়ার সুযোগ থাকবে।

স্টেটের স্বাস্থ্য ও সামাজিক সেবা বিষয়ক সেক্রেটারির পরামর্শ অনুযায়ী, আপনার রোগীর গোপনীয় তথ্য কোভিড-19 সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহের সাথে বিনিময় করা হয়েছে। (সেক্রেটারি অব স্টেটস হেলথ অ্যান্ড সোশ্যাল কেয়ারের (ইংল্যান্ড) এর প্রদানকৃত পরামর্শ উত্তর আয়ারল্যান্ডের রোগীদের তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

গবেষণাটি সম্পর্কে আমার কোনো প্রশ্ন, উদ্বেগ বা অভিযোগ থাকলে অথবা কিছু ভুল হলে কী হবে?

অনুগ্রহ করে বিস্তারিত তথ্য সম্বলিত লিফলেটটি দেখুন - এটি কীভাবে ব্যবহার করবেন তা উপরে বর্ণিত আছে।

গবেষণা সম্পর্কে আরও তথ্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করবো?

আপনার যদি কোনো প্রশ্ন থাকে তবে আপনার হাসপাতালের মেডিকেল টিমের সাথে কথা বলুন। গবেষণা বিষয়ক আরও তথ্য গবেষণার ওয়েবসাইটেও পাওয়া যাবে (https://warwick.ac.uk/fac/sci/med/research/ctu/trials/recovery-rs/)।

এই তথ্য সম্বলিত লিফলেটটি পড়ার জন্য আপনাকে ধন্যবাদ